



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৩-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের শীর্ষ স্থানীয় ১৩টি ক্লাব যথাক্রমে: বসুন্ধরা কিংস, আবাহনী লিমিটেড, শেখ রাসেল ক্রীড়া চক্র লিমিটেড, সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ, আরামবাগ ক্রীড়া সংঘ, লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিমিটেড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্র, চট্টগ্রাম আবাহনী লিমিটেড চট্টগ্রাম, মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড, রহমতগঞ্জ এমএফএস, ব্রাদার্স ইউনিয়ন লিমিটেড, বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব এবং উত্তর বারিধারা ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে 'ওয়ালটন ফেডারেশন কাপ ২০২০' এর খেলা আগামী ২২-১২-২০২০ তারিখ হতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

এ উপলক্ষে উক্ত প্রতিযোগিতার 'লোগো উন্মোচন' ও 'ড্র' অনুষ্ঠান অদ্য ১৩-১২-২০২০ তারিখ রবিবার দুপুর ১২:০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ৩য় তলায় কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

উক্ত 'লোগো উন্মোচন' ও 'ড্র' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফে সিনিয়র সহ-সভাপতি ও প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি। বাফুফে সদস্যবৃন্দ জনাব জাকির হোসেন চৌধুরী, জনাব বিজন বড়ুয়া, জনাব মোঃ নুরুল ইসলাম নূর, জনাব টিপু সুলতান ও জনাব মহিদুর রহমান মিরাজ। প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির ডেপুটি চেয়ারম্যান জনাব আব্দুর রহিম, প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির সদস্য সৈয়দ রিয়াজুল করিম, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ। ওয়ালটন গ্রুপের নির্বাহী পরিচালক জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার (ডন), প্রিমিয়ার ব্যাংক লিঃ এর জুনিয়র এ্যাসিস্টেন্ট ভাইস প্রেসিডেন্ট জনাব মোঃ ইউনুস চৌধুরী এবং ১৩টি ক্লাবের প্রতিনিধিবৃন্দ।

'ওয়ালটন ফেডারেশন কাপ ২০২০' এর খেলা উপলক্ষে গ্রুপ নিম্নরূপঃ

গ্রুপ-এ	গ্রুপ-বি	গ্রুপ-সি	গ্রুপ-ডি
শেখ রাসেল কেসি লিঃ	সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ	বসুন্ধরা কিংস	আবাহনী লিঃ ঢাকা
লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিঃ	আরামবাগ ক্রীড়া সংঘ	চট্টগ্রাম আবাহনী লিঃ	বাংলাদেশ মুক্তিযোদ্ধা এসকেসি
বাংলাদেশ পুলিশ ফুটবল ক্লাব	ব্রাদার্স ইউনিয়ন লিঃ	রহমতগঞ্জ এমএফএস	মোহামেডান এসসি লিঃ ঢাকা
	উত্তর বারিধারা ক্লাব		

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।